

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّات

আয়াতঃ ৫১ : ৩১

আরবি মূল আয়াত:

قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٣١﴾

অনুবাদসমূহ:

ইবরাহীম বলল, 'হে প্রেরিত ফেরেশতাগণ, তোমাদের উদ্দেশ্য কী? — আল-বায়ান

ইবরাহীম বলল- 'ওহে আল্লাহর দূতগণ (ফেরেশতারা)! তোমাদের কাজ কী (এখন)?' — তাইসিরুল

সে (ইবরাহীম) বললঃ হে প্রেরিত মালাইকা/ফেরেশতাগণ! আপনাদের বিশেষ কাজ কি? — মুজিবুর রহমান

[Abraham] said, "Then what is your business [here], O messengers?" — Sahih International

৩১. ইবরাহীম বললেন, হে প্রেরিত ফেরেশতাগণ! তোমাদের বিশেষ কাজ(১) কি?

(১) এই কথোপকথনের মধ্যে ইবরাহীম আলাইহিস সালাম জানতে পারলেন যে, আগন্তুক মেহমানগণ আল্লাহর ফেরেশতা। আর মানুষের আকৃতিতে ফেরেশতাদের আগমন যেহেতু কোন বড় গুরুত্বপূর্ণ কাজের জন্য হয়ে থাকে। তাই তাদের আগমনের উদ্দেশ্য অবহিত হওয়ার জন্য ইবরাহীম আলাইহিস সালাম **خطب** শব্দ ব্যবহার করেছেন। আরবী ভাষায় **خطب** শব্দটি কোন মামুলি কাজের জন্য ব্যবহৃত হয় না, বরং কোন বড় গুরুত্বপূর্ণ কাজ বুঝাতে ব্যবহৃত হয়। তিনি জিজ্ঞেস করলেন, আপনারা কী অভিযানে আগমন করেছেন? উত্তরে তারা লুত আলাইহিস সালাম-এর সম্প্রদায়ের ওপর মাটির তৈরী প্রস্তর (কংকর) বর্ষণের আযাব নাযিল করার কথা বলল। [দেখুন: কুরতুবী; আত তাহরীর ওয়াত তানওয়ীর]

তাকসীরে জাকারিয়া

(৩১) সে (ইবরাহীম) বলল, 'হে প্রেরিত (ফিরিশতা)গণ! তোমাদের বিশেষ কাজ কি?' [1]

[1] **خطب** ব্যাপার, ঘটনা। অর্থাৎ, এই সুসংবাদ ছাড়া তোমাদের আর কি কাজ ও উদ্দেশ্য আছে, যার জন্য তোমরা প্রেরিত হয়েছ?

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন